গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
(মেট্রোরেলের স্বত্বাধিকারী শতভাগ সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০২.১১.০০৯.২২-১৪৩

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
০১ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি-১০

শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে উল্লিখিত কোম্পানির আকর্ষণীয় বেতন গ্রেডে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | কোম্পানির বেতন গ্রেড | শিক্ষাগত যোগ্যতা | প্রশিক্ষণ |
|---|---|---|---|---|---|
| ১. | টিকেট মেশিন অপারেটর | ১৩৯ | ১৬ | উচ্চ মাধ্যমিক অথবা সমমান এবং উচ্চ মাধ্যমিক অথবা সমমান পরীক্ষায় ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। | কোনো প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ (ছয়) মাসের মৌলিক প্রশিক্ষণ; এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ। প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে। |
| ২. | কাস্টমার রিলেশন এ্যাসিস্টেন্ট | ৬৩ | | | |

**শর্তসমূহ:**

১. প্রার্থীকে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর website: www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

২. নিয়োগ বিজ্ঞপ্তি বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নের ওয়েবসাইট www.bangladesh.gov.bd, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইট www.rthd.gov.bd এবং Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৩. **শিক্ষাক্ষেত্রে কোনো পর্যায়ে ৩য় শ্রেণী বা সমমানের সিজিপিএ ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।**

৪. আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত** করে আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে:
   (ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;
   (খ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;
   (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি;
   (ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মার্কসিট এর ছায়ালিপি; এবং
   (ঙ) প্রশিক্ষণ সনদপত্রের ছায়ালিপি।

৫. পরীক্ষার ফি বাবদ **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে প্রার্থীদের ১,০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে করে মূল কপি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

৬. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তির তারিখ পর্যন্ত প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের অন্য কোনো প্রমাণক গ্রহণযোগ্য হবে না।

৭. প্রার্থীদের ০১ আগস্ট ২০২৪ তারিখে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর।

৮. একজন প্রার্থী কেবলমাত্র ০১(এক)টি পদের বিপরীতে আবেদন করতে পারবেন। প্রার্থী যে পদের জন্যেই আবেদন করুক না কেন উভয় পদের জন্য আবেদন করেছেন বলে বিবেচিত হবেন।

৯. টিকেট মেশিন অপারেটর এবং কাস্টমার রিলেশন এ্যাসিস্টেন্ট পদ সমমানের এবং পরস্পর বদলীযোগ্য।

১০. কোটার ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১ সংখ্যক প্রজ্ঞাপন প্রযোজ্য হবে।

১১. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/কোম্পানি/প্রকল্পে কর্মরত আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। প্রয়োজনীয় সকল কাগজপত্রাদিসহ অগ্রিম কপিও প্রেরণ করা যাবে। তবে লিখিত পরীক্ষা গ্রহণের তারিখ ঘোষণার পূর্বে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন ডিএমটিসিএল-এ না পৌঁছালে অগ্রিম আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২. খামের উপর বাম দিকে **পদের নাম ও নিয়োগ বিজ্ঞপ্তি-১০** উল্লেখ করতে হবে।

১৩. ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন এমআরটি লাইন-৬ প্রকল্পে এবং এমআরটি লাইন-৬ এর পরামর্শক প্রতিষ্ঠান ও ঠিকাদারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে একই শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকা সাপেক্ষে কর্মকালীন সময়ের প্রমাণপত্র দাখিলের শর্তে বয়সসীমা শিথিলযোগ্য। তবে সকল ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের প্রমাণক অফিস প্রধান কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। অন্যথায় গ্রহণযোগ্য হবে না।

১৪. আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষায় মাধ্যমিক পর্যায়ের কম্পিউটার জ্ঞান; মাধ্যমিক পর্যায়ের বাংলা ও ইংরেজি ব্যাকরণ; মাধ্যমিক পর্যায়ের গণিত; দেশ ও কৃষ্টি এবং মেট্রোরেল সম্পর্কিত Standard Aptitude Test গ্রহণ করা হবে। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষার জন্য ডাকা হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১৫. কোনো পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানি হতে নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৭. চাকুরীতে যোগদানের অব্যবহতি পরেই ডিএমটিসিএল এর তত্ত্বাবধানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র হতে ডোপ টেস্ট করতে হবে। ডোপ টেস্টের ফলাফল বিরূপ হলে কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৮. লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সঙ্গে আনতে হবে। প্রবেশ পত্রে প্রদত্ত নির্দেশনাও এই ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৯. মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, কম্পিউটার প্রশিক্ষণের সনদ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মার্কসিট ও জাতীয় পরিচয় পত্র প্রদর্শন করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা শিথিলের জন্য মূল প্রমাণক সঙ্গে আনতে হবে।

২০. আবেদনপত্র যাচাই-বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কোম্পানি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোম্পানি কর্তৃপক্ষ ইচ্ছা করলে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

২১. কোম্পানি কর্তৃপক্ষ যে কোনো শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কোম্পানি কর্তৃপক্ষ যে কোনো বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২২. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানিতে যোগদানের সময় ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ও মুচলেকা সম্পাদন করতে হবে।

২৩. কোনো প্রার্থী কোনো তথ্য গোপন করলে বা ভুল/মিথ্যা তথ্য প্রদান করলে অথবা প্রতারণার আশ্রয় নিলে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে কোনো নোটিশ প্রদান ব্যতিরেকে তাৎক্ষণিক প্রার্থীর প্রার্থিতা/নিয়োগ বাতিল করা হবে। অপরাধের ধরন ও মাত্রা বিবেচনায় আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাও গ্রহণ করা হবে।

২৪. যে কোনো ধরনের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২৫. (ক) আবেদনপত্র আগামী **০৪ সেপ্টেম্বর ২০২৪** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে কেবলমাত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০**-এর বরাবরে পৌছাতে হবে।

(খ) হাতে হাতে কোনো আবেদনপত্র দাখিল করা যাবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) প্রার্থীকে নিজের বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" × ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে এতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

২৬. উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২৫ এ বর্ণিত** শর্তসমূহ পূরণকারী Non-Resident Bangladeshi (NRB) গণও আবেদন করতে পারবেন। এই ক্ষেত্রে প্রার্থীকে Non-Resident Bangladeshi (NRB) হিসেবে প্রমাণপত্রের ছায়ালিপি সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন হতে সত্যায়িত করে আবেদনের সঙ্গে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

২৭. উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২৫ এ বর্ণিত** শর্তসমূহ পূরণকারী তৃতীয় লিঙ্গের প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

২৮. পুলিশ ভেরিফিকেশন ফরম DMTCL এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd-এ পাওয়া যাবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ০৩ (তিন) কপি পুলিশ ভেরিফিকেশন ফরম যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে দাখিল করতে হবে।

২৯. প্রথমে ০২ (দুই) বৎসরের প্রবেশনে (শিক্ষানবিশকাল) নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে কর্মসক্ষমতা ও দক্ষতা এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চাকরি হতে অব্যাহতি দেয়া হবে। প্রবেশনকাল সফলতার সঙ্গে সম্পন্ন করলে পরবর্তী ০৫ (পাঁচ) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। ব্যক্তিগত সুস্থতা, কর্মসক্ষমতা ও দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে পরবর্তিতে চাকরি চুক্তি নবায়ন করা হবে।

**(মোহাম্মদ আবদুর রউফ)**
কোম্পানি সচিব
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড